দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 JUL 2009
পৃষ্ঠা ...... কলাম ......

# রাঙ্গামাটিতে পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ ঘোষণা

॥ রাঙামাটি সংবাদদাতা ॥

রাঙামাটির কাপ্তাইয়ে অবস্থিত পার্বত্য জেলার একমাত্র ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটে(বিএসপিআই) ছাত্রলীগের সঙ্গে সাধারণ ছাত্রদের বুধবার রাতভর ধাওয়া পাল্টা ধাওয়ার পর গতকাল বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। ইনস্টিটিউটের হোস্টেল খালি করে একই দিন দুপুর ১টার মধ্যে হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। কর্তৃপক্ষ সংঘর্ষ এড়াতে এবং নিরাপত্তার স্বার্থে ছাত্র-ছাত্রীদের বিডিআর প্রহরায় হল ত্যাগের ব্যবস্থা করেছে।

জানা যায়, প্রতিষ্ঠার পর থেকে সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র রাজনীতিমুক্ত ছিল। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর ছাত্রলীগ সেখানে প্রভাব বিস্তার ও রাজনীতি চালু করার চেষ্টা চালায়। ছাত্রলীগের একটি ব্যানার ছিঁড়ে ফেলার ঘটনায় ছাত্রলীগের নেতা-কর্মীরা লাঠিসোঁটা নিয়ে ক্যাম্পাসে মহড়া দেয়। মঙ্গলবার রাত ৯টার পর ছাত্রলীগের নেতা-কর্মীরা ক্যাম্পাসে রাজনৈতিক কার্যক্রম চালুসহ সাধারণ ছাত্রদের বিরুদ্ধে অবস্থান নিয়ে ক্যাম্পাসে লাঠিসোঁটা নিয়ে মহড়া শুরু করলে সাধারণ ছাত্ররা ছাত্রলীগের বিরুদ্ধে অবস্থান নেয়। এক পর্যায়ে সাধারণ ছাত্ররা সম্মিলিতভাবে প্রতিরোধ গড়ে তুলে ছাত্রলীগের নেতা-কর্মীদের ক্যাম্পাসের হল থেকে বের করে দেয়। গতকাল সকাল থেকে ক্যাম্পাসের বাইরে তারা অবস্থান নেয়। কর্তৃপক্ষ পুলিশ বিডিআরসহ স্থানীয় প্রশাসনের সাথে জরুরী বৈঠকে বসে। বৈঠকে পলিটেকনিক ইনস্টিটিউট অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয় এবং দুপুর ১টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেয়।